52

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 MAR 1996
পৃষ্ঠা 7 কলাম 6

## নবম শ্রেণীর নূতন বই প্রসঙ্গে

সরকারী সিদ্ধান্ত মোতাবেক ১৯৯৬ সাল হইতে নবম শ্রেণীর ইংরাজী বাদে সব বই নূতন করিয়া প্রণয়ন করিয়া প্রকাশের ব্যবস্থা করা হইয়াছে। যাহারা ১৯৯৮ সালের পরীক্ষার্থী, তাহারা এই নূতন বই পাঠপূর্বক পরীক্ষা দিবে। কিন্তু সমস্যা হইতেছে মার্চ মাস আসিয়া যাওয়া সত্ত্বেও ছাত্র-ছাত্রীরা বাজারে নূতন বই খুঁজিয়া পাইতেছে না। জানা গিয়াছে এপ্রিলের আগে নূতন বই [illegible] যাইবে না। এদিকে স্কুলসমূহে নূতন যে পাঠ্যসূচী ও বইয়ের তালিকা দেওয়া হইয়াছে তাহাতে বিজ্ঞান শাখার ছাত্র-ছাত্রীদের ১১টি বিষয় পড়িতে হইবে। আবশ্যিক বিষয়সমূহ হইতেছে বাংলা ১ম ও ২য় পত্র, ইংরেজী ১ম ও ২য় পত্র এবং সাধারণ গণিত, ধর্ম, কৃষি/গার্হস্থ্য ও সামাজিক বিজ্ঞান। আর ঐচ্ছিক বিষয়সমূহ হইতেছে পদার্থ বিদ্যা, রসায়ন বিজ্ঞান ও জীব বিজ্ঞান—এই তিনটির মধ্যে যেকোন দুইটি এবং উচ্চতর গণিত, পদার্থ বিদ্যা, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, ভূগোল ইত্যাদি হইতে যেকোন একটি। তাহা হইলে দেখা যাইতেছে কোন ছাত্র-ছাত্রী পদার্থ বিদ্যা, রসায়ন বিজ্ঞান ও জীববিজ্ঞান এই তিনটি বিষয় নিলে উচ্চতর গণিত নিতে পারিবে না। ইহাতে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান শিক্ষা অপূর্ণ থাকিয়া যাইবে বলিয়া আমার ধারণা। এমতাবস্থায় আমার অভিমত, বিজ্ঞান শাখার জন্য পাঠ্যসূচী এমনভাবে নির্ধারণ করা হউক যাহাতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীগণ ঐচ্ছিক বিষয় হিসাবে একত্রে পদার্থ বিদ্যা, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান ও উচ্চতর গণিত নিতে পারে। এ জন্য আবশ্যিক সামাজিক বিজ্ঞান বিষয়টিকে ঐচ্ছিক করা হউক। সবশেষে, নবম শ্রেণীর নূতন বই যাহাতে শীঘ্র বাজারে পাওয়া যাইতে পারে তাহার ব্যবস্থা করা হোক।

—এম. এ. হামিদ; নাজিমুদ্দিন রোড, ঢাকা।